দৈনিক সংবাদ

তারিখ ... MAY 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

## কয়েকটি শব্দ ঃ কিছু কথা

০৬-০১-১৪০৬-এর চিঠিপত্র বিভাগে (সংবাদ) 'মশার যন্ত্রণায় ঘুমাতে পারছি না' শিরোনামীয় জাহাঙ্গির চাকলাদারের চিঠিতে মুদ্রিত 'উল্লেখিত' শব্দটা ভুল। শুদ্ধ শব্দ ঃ 'উল্লিখিত'।

০৮-১-১৪০৬-এর খেলাঘর বিভাগের মনওয়ার হোসেনের লেখা 'শিশুদের প্রিয় কবি ফররুখ আহমদ' জীবনীর 'মধুমতি নদী', 'দাঙ্গা বাঁধলো', 'পোশাক পড়তেন', 'শাশ্রুমন্ডিত' ভুল বানানে মুদ্রিত শব্দ/বাক্য। শুদ্ধ বানান ঃ 'মধুমতী নদী/' অনুরূপ 'ইছামতী নদী', 'বসুমতী' ইত্যাদি। দাঙ্গা বাধলো, 'পোশাক পরতেন', 'শাশ্রুমন্ডিত'।

শ্মশ্রু - দাড়ি-গোঁপ; শ্বশ্রূ - শাশুড়ী। বাঁধলো- বাঁধন দিল, বাধলো- সংঘটিত হ'ল/শুরু হ'ল।

ঐ তারিখের খেলাঘরে সুফিয়ান আহমদ চৌধুরীর 'শুভ দিনে' কবিতার প্রথম পঙক্তিতে মুদ্রিতঃ বর্ষ শুরুর প্রথমদিনে বাজছে মধুর বীন। এর 'বীন' বানান ভুল। শুদ্ধ বানান ঃ বীণ। আপন ভূবনে শ্যানিয়া টোয়াইন শীর্ষক সচিত্র প্রতিবেদনের 'ভূবন' বানান ভুল। শুদ্ধ বানান ঃ ভুবন।

শাজনীন হত্যার বর্ষপূর্তির সম্পাদকীয় শৈবাল আহমদ এর প্রতিবেদনটির শিরোনাম 'বচারের বাণী নীরবে কাঁদে'। 'বচারের বাণী' নয় হবে 'বিচারের বাণী'।

'খেলোয়ার হওয়ার কথা ছিল' সুরকার সুবল দাসের আত্মজৈবনিক সংলাপের অনুলিখনে মুদ্রিত 'খেলোয়ার' শব্দ সঠিক নয়। সঠিক শব্দ ঃ 'খেলোয়াড়'।

'আর নয় সীমান্ত সংঘর্ষ' শিরোনামীয় সংবাদ-এর সম্পাদকীয়তে মুদ্রিত 'পুনাবৃত্তি' মুদ্রণ ত্রুটিযুক্ত শব্দ। শব্দটি হবে 'পুনরাবৃত্তি' ১২-১-১৪০৬-এর সম্পাদকীয় (২য়), 'হায় তিলোত্তমা'তে মুদ্রিত তিলোত্তমা নামের অপ্সীরর 'অপ্সরী' ভুল শব্দ। শুদ্ধ ঃ 'অপ্সরা'।

১৩-১-১৪০৬-এর 'নাটোরে খরা' শীর্ষক প্রতিবেদনের আম, কাঁঠাল ও লিচুর ফল ঝড়ে যাচ্ছে বাক্যের 'ঝড়ে যাচ্ছে' - ভুল বানানে মুদ্রিত শব্দ। সঠিক শব্দ ঃ 'ঝরে যাচ্ছে'।

'র', 'ড়' এর পার্থক্য বুঝতে হবে।

এম এ সামাদ
সিনিয়র শিক্ষক (অবঃ)
শ্রীশচন্দ্র বিদ্যানিকেতন
বাসুদেবপুর, নাটোর ৬৪০২।